

सूचिपत्र

विषय

पृष्ठाङ्क

भूमिका :

क) संस्कृतगद्यसाहित्येण क्रमविकाश

(ख) कविपरिचिती

ग) कविर काल

घ) दशकुमारेण परिचयः—

नामकरण

दशकुमारचरितेण उपर रचित टीका

दडीर रचनाशैली

दशकुमारचरितम् (विश्रुतचरितम् मूलं ओ व्याख्या सह)

रचनाधर्मी प्रश्नोत्तर

अतिसंक्षिप्त प्रश्न ओ उत्तर

संक्षिप्त प्रश्न ओ उत्तर

२

१५

१४

२०

२२

२२

२२

२९

२९

१०५

११७-१२०

दण्डिविरचिते दशकुमारचरिते
(अष्टमः उच्छ्वासः)

विश्रुतचरितम्

ভূমিকা

ক) সংস্কৃতগদ্যসাহিত্যের ক্রমবিকাশ

সংস্কৃত ভাষায় রচিত সাহিত্যের উদ্ভব ঘটেছিল অন্ততঃ খৃষ্টপূর্ব পনেরো শতকে। ইন্দো ইউরোপীয় আৰ্যভাষার অন্য কোন শাখায় এত প্রাচীন সাহিত্যের কোনো নিদর্শন পাওয়া যায় না। মানুষ তার প্রাত্যহিক কথোপকথানে নিশ্চিতরূপেই গদ্য ভাষা ব্যবহার করে থাকে, কিন্তু একথা স্বীকার্য যে, সাহিত্য রচনার ক্ষেত্রে পদ্য চিরকালই প্রাধান্য লাভ করেছে। বিপুল পৃথিবী ও নিরবধি কালের কথা মনে রেখেও উক্তিটিকে একটি শাস্ত্র সত্যরূপে স্বীকার করে নেওয়া উচিত। ভারতীয় সাহিত্যের বিভিন্ন আঞ্চলিক শাখার ইতিহাস আলোচনা করলে আমরা প্রতিপদে এই সত্যের সম্মুখীন হই।

“বৃহৎগান্ধোজ্জ্বিতং গদ্যম্”—ছন্দোময়ীবাণীবন্ধনের চিহ্নশূন্য শ্রুতিসুখকর রচনাই গদ্যকাব্য নামে অভিহিত। আলংকারিক দণ্ডীও বিশ্বনাথকৃত উক্ত লক্ষণের সমর্থনে গদ্যকাব্যের সংজ্ঞা নির্দিষ্ট করেছেন— ‘অপাদ পদসন্তানো গদ্যম্’ অর্থাৎ পাদবিহীন অর্থসমৃদ্ধ পদ সন্নিবেশই গদ্য।

সংস্কৃত গদ্যকাব্যমীরুহের বীজ অতীতের কোন শূভক্ষণে কার দ্বারা প্রোথিত হয়েছিল তা রহস্যধূমে সমাবৃত। পৃথিবীর অন্যান্য সাহিত্যের মতো ভারতীয় সাহিত্যেও পদ্যেই কাব্যরচনার সূত্রপাত। গদ্যবির্ভাব তৎপরবর্তী। তবে বৈদিকযুগে যে গদ্যরচনার ব্যবহার ছিল বৈদিক কর্মকাণ্ডের যাগাদিসংক্রান্ত নির্দেশাবলীই তার প্রকৃষ্ট প্রমাণ। বেদপূর্ববর্তী গদ্যরচনার কোন নিদর্শন পরিলক্ষিত না হলেও পরবর্তীকালের বৈয়াকরণ, ঐতিহাসিক প্রভৃতিদের রচনায় বহু অজ্ঞাত গদ্যসাহিত্যের নাম দৃষ্ট হয়, যা অধুনা বিলুপ্ত। তাই প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে স্বীকার্য যে, বেদমৃত্তিকাই সংস্কৃত গদ্যসাহিত্যের পবিত্র জন্মভূমি। সংস্কৃত গদ্যসাহিত্য যেমন অতীত, তেমনি পদ্যের মতো বিশাল, ব্যাপক ও বহুমুখী ধারায় অনুশীলিত। কৃষ্ণ যজুর্বেদের তৈত্তিরীয় সংহিতায় সংস্কৃত গদ্যের প্রাচীনতম রূপটি দেখা যায়। অথর্ববেদের এক ষষ্ঠাংশ গদ্যে রচিত। তবে এই গদ্য যজুর্বেদের কিছুটা পরবর্তী। যজ্ঞের ব্যাখ্যান ও